স্বাস্থ্য পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
অটিজম ও স্নায়ুবিকাশজনিত সমস্যা বিষয়ক সেল
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং: ৪৫.০০.০০০০.১৬৬.০৬.০০২.১৮.১৫৪

তারিখঃ ০৫ চৈত্র, ১৪২৪ বঙ্গাব্দ
১৯ মার্চ, ২০১৮ খ্রিষ্টাব্দ

## পরিপত্র

**বিষয়ঃ "ন্যাশনাল স্ট্রাটেজিক প্ল্যান ফর নিউরোডেভেলপমেন্টাল ডিজঅর্ডার ২০১৬-২০২১'' অনুযায়ী স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় সংশ্লিষ্ট মাঠ পর্যায়ের কার্যক্রম বাস্তবায়ন**

অটিজম ও স্নায়ুবিকাশ জনিত সমস্যা মোকাবিলায় সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়, বিভাগ ও সংস্থাসমুহের সমন্বয়ের মাধ্যমে অটিজম ও এনডিডি সমস্যা সনাক্তকরণ ও জীবনকাল ব্যাপি চাহিদার আলোকে স্বল্প ব্যয়ে জাতীয়, বিভাগীয়, জেলা, উপজেলা ও ইউনিয়ন/ওয়ার্ড পর্যায়ে টেকসই সেবা প্রদান এবং সেবা কার্যক্রমের বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণের লক্ষ্যে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় কর্তৃক সুচনা ফাউন্ডেশন ও যুক্তরাষ্ট্রের ম্যাসাচুসেট্স ইউনিভার্সিটির ইনষ্টিটিউট ফর কমিউনিটি ইনক্লুশন এর সহযোগীতায় "ন্যাশনাল স্ট্রাটেজিক প্ল্যান ফর নিউরোডেভেলপমেন্টাল ডিজঅর্ডার ২০১৬-২০২১'' প্রণয়ন করা হয়েছে। "ন্যাশনাল স্ট্রাটেজিক প্ল্যান ফর নিউরোডেভেলপমেন্টাল ডিজঅর্ডার ২০১৬-২০২১'' অনুযায়ী স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের মাঠ পর্যায়ে বাস্তবায়নের জন্য নিম্নোক্ত কার্যক্রমসমূহ চিহ্নিত করা হয়েছে:

| ক্রমিক | কার্যক্রম |
|---|---|
| (১) | সুস্থ ও স্বাভাবিক সন্তান জন্মদানের জন্য গর্ভকালীন যত্নের বিষয়ে উঠান বৈঠকের মাধ্যমে গর্ভবতী মা এবং সংশ্লিষ্টদের সচেতন করা |
| (২) | সন্তান প্রত্যাশী মায়েদের নিরাপদ গর্ভধারণ সংক্রান্ত তথ্যাবলী অবহিতকরণ |
| (৩) | গর্ভবর্তী মায়েদের নিয়মিত চেক-আপের প্রয়োজনীয়তার বিষয়ে অবহিতকরণ এবং তাদের তালিকা সংরক্ষণ |
| (৪) | গর্ভকালীন পুষ্টির প্রয়োজনীয়তা সম্পর্কিত তথ্যাবলীসহ ঘরে তৈরী পুষ্টিকর খাবার তালিকা সরবরাহ করা |
| (৫) | স্বাস্থ্য সেবা প্রদানের ক্ষেত্রে অটিজম ও এনডিডি বৈশিষ্ট্য সম্পন্ন ব্যক্তিসহ তাদের পিতা-মাতা ও ভাইবোনদের অগ্রাধিকার দিতে হবে। এ সংক্রান্ত নির্দেশনা সহজে দৃশ্যমান হয় স্বাস্থ্য সেবা কেন্দ্রের এরুপ স্থানে প্রদর্শনের ব্যবস্থা করতে হবে |
| (৬) | অটিজম ও এনডিডি বৈশিষ্ট্য সম্পন্ন শিশুদের পিতামাতা ও ভাইবোনদের মানসিক সহায়তার জন্য অভিজ্ঞ পিতা-মাতা, সাইকোলজিস্ট, সাইকিয়াট্রিস্ট ও স্থানীয় গণ্যমান্য ব্যক্তিদের তালিকা সংরক্ষণ এবং এ ধরণের সহায়তার জন্য পরামর্শ প্রদান |
| (৭) | "নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট আইন, ২০১৩" এবং "প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা আইন ২০১৩" এ উল্লেখিত অটিজম ও এনডিডি বৈশিষ্ট্য সম্পন্ন ব্যক্তির অধিকার ও সুরক্ষার বিষয়গুলি সম্পর্কে অটিজম ও এনডিডি বৈশিষ্ট্য সম্পন্ন ব্যক্তি, তাদের পিতামাতা ও অভিভাবককে সচেতন করে তোলা |
| (৮) | ০-৫ বছরের শিশু এবং ৫ বছরের বেশী বয়সের শিশু/ব্যক্তিদের রেড ফ্ল্যাগ কেসসমূহ চিহ্নিতকরণ ও চূড়ান্ত ডায়াগনোসিস এর জন্য বিশেষজ্ঞদের নিকট প্রেরণ |
| (৯) | সকল মায়েদের সন্তান জন্মের সময় হতে শিশুর বিকাশের ধাপসমূহ পরিবীক্ষণসহ করণীয় সম্পর্কে পরামর্শ প্রদান |
| (১০) | পিতামাতাকে শিশু বিকাশের ক্ষেত্রে প্রাথমিক বিপদচিহ্ন/রেড ফ্ল্যাগের উপর প্রশিক্ষণ দিতে হবে এবং রেড ফ্ল্যাগ পরিলক্ষিত হলে করণীয় সম্পর্কে পরামর্শ প্রদান করতে হবে |
| (১১) | বিবাহ বন্ধনে ইচ্ছুক এনডিডি বৈশিষ্ট্য সম্পন্ন ব্যক্তিদেরকে প্রয়োজনীয় সহায়তা ও পরামর্শ প্রদান |
| (১২) | সন্তান লাভে ইচ্ছুক এনডিডি বৈশিষ্ট্য সম্পন্ন ব্যক্তিদেরকে প্রয়োজনীয় সহায়তা ও পরামর্শ প্রদান |
| (১৩) | এনডিডি বৈশিষ্ট্য সম্পন্ন ব্যক্তির আশু এবং সাশ্রয়ী প্রজনন স্বাস্থ্য বিষয়ে পরামর্শ ও সেবা প্রদান। |

২। সেবা প্রদানে সংশ্লিষ্ট অন্যান্য বিভাগ (সমাজসেবা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা, প্রাথমিক ও গণশিক্ষা, মহিলা ও শিশু) এবং এনজিওসহ অন্যান্য প্রতিষ্ঠানের সাথে তথ্য আদান-প্রদানসহ সমন্বয় রক্ষা করতে হবে।

৩। এনডিডি বৈশিষ্ট্য সম্পন্ন যে সকল শিশুর পড়ালেখার ন্যুনতম সক্ষমতা আছে তাদের বিদ্যালয়ে ভর্তির বিষয়ে পরামর্শ এবং প্রয়োজনে তাদের তথ্যাদি বা তালিকা জেলা/উপজেলা সমাজসেবা/ প্রাথমিক ও গণশিক্ষা/ মহিলা বিষয়ক কার্যালয়ে প্রেরণ করতে হবে।

৪। প্রয়োজনে চিকিৎসা সেবা/পরামর্শ সেবার জন্য উচ্চ পর্যায়ে রেফার করতে হবে।

৫। এ সংক্রান্ত সকল লিফলেট, পুস্তিকা ইত্যাদি প্রয়োজনীয় সরঞ্জাম স্বাস্থ্য অধিদপ্তর হতে সংগ্রহ করতে হবে/ সরবরাহ করা হবে।

৬। চিহ্নিত কার্যক্রমসমূহ বাস্তবায়ন করত: প্রতিমাসের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন পরবর্তী মাসের ০৫ তারিখের মধ্যে মন্ত্রণালয়/বিভাগে প্রেরণ করতে হবে ।

৭। এ পরিপত্র অবিলম্বে কার্যকর হবে।

(মোঃ সিরাজুল হক খান)
সচিব

**বিতরণ(জৈষ্ঠ্যতার ক্রমানুসারে নয়):**

১। সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৩। সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫। সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন, ঢাকা
৭। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২
৮। মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, কাওরান বাজার, ঢাকা
৯। মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারী অধিদপ্তর, শেরে বাংলানগর, ঢাকা
১০। মহাপরিচালক, অটিজম সেল,স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
১১। অতিরিক্ত সচিব (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
১২। যুগ্ম সচিব/যুগ্ম প্রধান (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
১৩। পরিচালক(সকল হাসপাতাল)....................
১৪। বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য), ঢাকা/রাজশাহী/চট্রগ্রাম/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ
১৫। বিভাগীয় পরিচালক (পরিবার পরিকল্পনা), ঢাকা/রাজশাহী/চট্রগ্রাম/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ
১৬। উপপরিচালক (পরিবার পরিকল্পনা),....................(সকল জেলা)
১৭। সিভিল সার্জন (সকল)................ জেলা
১৮। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা (সকল)
১৯। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা (সকল)

সদয় অবগতির জন্য অনুলিপি:

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩। সচিব এর একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪। সচিব এর একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ,স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা